দৈনিক বাংলা

তারিখ ... 10 JUL 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

৪৫

৪৬

# দায়ী ব্যক্তিদের শাস্তি দেয়া হবে ঃ ঢাকা বোর্ডের কনট্রোলার

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কন্ট্রোলার জনাব ইউনুস আলী দেওয়ান রোববার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান যে, কোন পর্যায় থেকে প্রধান পরীক্ষকদের তালিকা ফাঁস হয়েছে সে ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ তদন্তের ব্যবস্থা করেছেন। প্রকৃত তথ্য উদ্‌ঘাটিত হলে দায়ী ব্যক্তিদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করা হবে। যে কয়েকজন প্রধান পরীক্ষকদের নাম ফাঁস হয়েছে তাদের সকলকে এরইমধ্যে যে কোন মহলের অশুভ প্রভাব ও তৎপরতার বিরুদ্ধে সাবধান থাকার জন্য সতর্ক করে দেয়া হয়েছে। সেই সঙ্গে অন্যান্য সকল প্রধান পরীক্ষককেও সতর্ক থাকার নির্দেশ

(শেষ পৃঃ ৪-এর ক: [illegible])

## দায়ী ব্যক্তি[illegible]

(প্রথম পৃঃ পর)

দেয়াহয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যে, এবছরই প্রধান পরীক্ষকদের পূর্ণাঙ্গ তালিকা প্রদান কিংবা উল্লিখিত পরীক্ষকদের তালিকা ফাঁস হয়েছে এ খবর সঠিক নয়।

খবরে বলা হয়েছে যে, চেয়ারম্যান কর্তৃক মনোনীত কন্টোলার, ডেপুটি কন্ট্রোলার ও কিছু সংখ্যক নির্দিষ্ট স্টেনো টাইপিষ্ট ও ইউডি কিংবা এলডি ষ্টাফ পরীক্ষকও উত্তরপত্র বিতরণের তালিকা তৈরী করে থাকেন। এরূপ খবর প্রকাশের মাধ্যমে প্রকারান্তরে তাদের দোষারোপ করার চেষ্টা করা হয়েছে। কিন্তু এটা বাঞ্ছনীয় নয়।